



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি জয়বাংলা কলেজ

সোনাডাঙ্গা, খুলনা

EIIN : 133155



www.joybanglacollege.org , E-mail : govtjoybanglacollege@gmail.com

তারিখ : ৩১ মার্চ ২০২৪ খ্রি.

২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম পূরণের বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর নীতিমালা অনুযায়ী ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম পূরণের লক্ষ্যে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের জন্য শিক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া হলো-

- ০১। ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণির ভর্তি রশিদ দেখিয়ে কলেজ অফিস থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম গ্রহণ করতে হবে।
- ০২। রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের তালিকাভুক্তির জন্য কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন পত্র দাখিল করতে হবে।
- ০৩। জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের এ কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে ২০২৩ সালের পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে।
- ০৪। আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ :

তারিখ	গ্রুপ	টাকা	সময়
১৭.০৪.২০২৪	বিজ্ঞান	২,৭৪০/-	সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত
১৮.০৪.২০২৪	মানবিক ও ব্যবসায় শিক্ষা	২,১৮০/-	
২২.০৪.২০২৪	বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা	২,৭৪০/-, ২,১৮০/-	
২৩.০৪.২০২৪	মানবিক ও ব্যবসায় শিক্ষা	২,১৮০/-	
২৪.০৪.২০২৪	অনিয়মিত সকল শিক্ষার্থী		

১ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য (আইসিটি ব্যতীত)	২ বিষয়ের পরীক্ষার্থীদের জন্য (আইসিটি ব্যতীত)
১ বিষয়সহ ব্যবহারিক থাকলে : ১,০৪০/-	২ বিষয়সহ ব্যবহারিক থাকলে : ১,৪০০/-
১ বিষয়সহ ব্যবহারিক না থাকলে : ৯০০/-	২ বিষয়সহ একটি ব্যবহারিক থাকলে : ১,২৬০/-
শুধুমাত্র আইসিটি বিষয়ের জন্য : ৮৬০/-	২ বিষয়সহ ব্যবহারিক না থাকলে : ১,১২০/-

*** বিলম্ব ফি সহ (পরীক্ষার্থী প্রতি ১০০/-) ফরম পূরণের তারিখ : ২৮.০৪.২০২৪ থেকে ৩০.০৪.২০২৪ খ্রি.

*** অনিয়মিত শিক্ষার্থীদের নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত ১০০/- টাকা জমা দিতে হবে।

০৫। দ্বাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়নি তাদেরকে প্রথমে ফি পরিশোধ পূর্বক দ্বাদশ শ্রেণিতে ভর্তি হতে হবে।

অতঃপর ভর্তি রশিদ দেখিয়ে কলেজ অফিস থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ করতে হবে।

০৬। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

(ক) ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীরা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে।

(খ) ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(গ) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে তাদের রেজিস্ট্রেশন নবায়ন ফি অতিরিক্ত ৩০০ টাকা জমা দিতে হবে।

(ঘ) অকৃতকার্য পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।

৭। বিশেষ পরীক্ষার্থী (এক/দুই) বিষয় : ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে তারা এক/দুই বিষয়ে ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে ইচ্ছা করলে তারা সকল বিষয়েই অংশগ্রহণ করতে পারবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

৮। জিপিএ উন্নয়ন : ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে যে সব পরীক্ষার্থী উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়ন এর জন্য ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০২৩ সালের পূর্বের কোন পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের জন্য আবেদন করতে পারবে না।

০৯। আবেদন ফরম জমাদানের নিয়মাবলি:

(ক) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে ০১ কপি স্ট্যাম্প সাইজের রজিন ছবি আঠা দিয়ে লাগাতে হবে

(খ) ফরম পূরণের সময় শিক্ষার্থীদেরকে সতর্কতার সাথে তাদের গৃহীত বিষয়সমূহের বিষয় ও বিষয়কোড পূরণ করতে হবে।

(গ) দ্বাদশ শ্রেণিতে ভর্তি রশিদের ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে

(ঘ) এসএসসি/সমমান পরীক্ষায় পাসের নম্বর পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে

(ঙ) অনিয়মিত/অকৃতকার্য/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্বের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

*** শিক্ষার্থীদের ফরম পূরণের চূড়ান্ত বিবরণীতে স্বাক্ষর করার তারিখ পরবর্তীতে জানানো হবে।

(প্রফেসর মুহম্মদ মীজানুর রহমান)

আই.ডি-৬৯১৪

অধ্যক্ষ

সরকারি জয়বাংলা কলেজ, খুলনা

(মোহাম্মদ মাহবুব আলম)

আহ্বায়ক

এইচএসসি পরীক্ষা ২০২৪ ফরম পূরণ কমিটি

সরকারি জয়বাংলা কলেজ, খুলনা